## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সড়াক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ✓০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই পৌষ বুধবার ১৩৬২ ইংরাজী 21st Dec. 1955 { ৩০শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

## নূতন বীমার কাজে

বিপুল সাফল্য

১৯৫৪ সালে

## ৩০ কোটি টাকার উপর

জাতীয় প্রতিষ্ঠানরূপেই হিন্দুস্থানের প্রতিষ্ঠা এবং গত ৪৮ বৎসর ধরিয়া জাতীয় প্রতিষ্ঠানরূপেই ইহা গড়িয়া উঠিয়াছে। আজ উচ্চ হইতে উচ্চতর স্থানে অধিষ্ঠিত হইয়া ইহা নূতন গৌরব অর্জন করিয়াছে এবং দেশ ও দশের সেবায় কর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। এই সাফল্যের মূলে রহিয়াছে ত্রিবিধ নিরাপত্তার ভিত্তি:

★ সুষ্ঠু ও সুচিন্তিত পরিচালনা ;
★ জনসাধারণের অবিচলিত আস্থা ;
★ লগ্নী ব্যাপারের নিরাপত্তা

বোনাস { আজীবন বীমায় ১৭৷০
মেয়াদী বীমায় ১৫৲

প্রতি বৎসর প্রতি হাজার টাকার বীমায়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হিন্দুস্থান বিল্ডিংস্

৪, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৫ই পৌষ বুধবার সন ১৩৬২ সাল।

## "বলি তো মা মার খায়, না বলি তো বাবা কুকুর খায়"

—•—

একটি বালকের পক্ষে উভয় সঙ্কট লইয়া বড় মুস্কিল হইয়া দাঁড়াইয়াছিল—আমাদের দেশে পাড়াগাঁ অঞ্চলে গল্পটি প্রচলিত আছে—

ছেলেটির বাবা বড় ক্রোধী। মায়ের কোন কাজে একটু ত্রুটি পাইলেই হিতাহিত জ্ঞানহারা হইয়া তাঁহাকে প্রহার করে। একদিন বাবা একটি বাইন মাছ ( মাছটি দেখিতে প্রায় সাপের মত ) আনিয়া ছেলের মাকে তাড়াতাড়ি সেই মাছের ঝোল ও ভাত রেঁধে দিতে আদেশ করিলেন। মা মাছটিকে উঠোনে রেখে ঘরে মাছ-কোটা বঁটি আন্‌তে গিয়েছেন অমনি পাড়ার এক বিড়াল এসে মাছটিকে মুখে ক'রে নিয়ে কোন্ দিকে দৌড়ে পালালো। বঁটি নিয়ে এসে দেখে মাছ নাই। স্বামী এসে মাছের ঝোল ভাত না পেলেই অদৃষ্টে প্রহার অবশ্যম্ভাবী। মেয়ে মানুষ—এক বালক পুত্র ছাড়া আর কেহ সহায় সম্বল নাই। তখন তিনি উপায়হীনা হইয়া একটি ছোট কুকুরের বাচ্চা ধরিয়া তার লেজটি কাটিয়া নিয়া তাই কুটে বোল রাঁধার ব্যবস্থা করিলেন। ছেলেটি বালক হইলেও বেশ বুদ্ধিমান। সে তখন মনে মনে ভাবছে—বাবাকে যদি ব'লে দিই—বাবা মাছ খেওনা —মা কুকুরের লেজ কেটে তাই রেঁধেছে। তা হ'লে মায়ের অদৃষ্টে নৃশংসভাবে প্রহার হবেই। বালক যেমন চিন্তান্বিত হইয়া কি করা উচিত ঠিক করিতে না পারিয়া কেবল ভাবিতেছিল—

বলি তো মা মার খায়,
না বলি তো বাবা কুকুর খায়।

আমাদের পশ্চিম বঙ্গের অধিবাসীদের সেই বালকের [illegible]। আমরা কলিকাতার একখানি দৈনিক সংবাদ পত্র হইতে একটি "নূতন সমাচার" শীর্ষক সংবাদ অবিকল প্রকাশ করিলাম। নেতৃস্থানীয় পশ্চিমবঙ্গবাসিগণ কিংকর্ত্তব্য স্থির করুন।

## হীরের টুকরো

### নূতন সমাচার

—•—

বোম্বাই রাজ্যের মন্ত্রী শ্রীযুত হীরে এমন একটি রহস্য বেফাঁস করিয়াছেন, যাহা সত্য হইলে কেন্দ্রীয় মন্ত্রীসভার পদত্যাগই শোভন হইবে। তিনি জানাইয়াছেন যে, রাজ্য পুনর্গঠন কমিশনের একজন বিশিষ্ট সদস্য অর্থাৎ জনাব ফজল আলি তাঁহাকে আসল রিপোর্ট শুনাইয়াছেন। উহাতে বোম্বাই রাজ্যকে দুইটি রাজ্যে বিভক্ত করার সুপারিশ ছিল। রিপোর্টে প্রকাশিত হওয়ার সময় উক্ত সুপারিশ হয় বাদ দেওয়া হইয়াছে, নতুবা পরিবর্ত্তিত হইয়াছে।

শ্রীযুত হীরে কংগ্রেসের বিশেষ আস্থাভাজন ব্যক্তি হইয়াও কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে যে অপবাদ দিয়াছেন, তাহার গুরুত্ব অনস্বীকার্য্য। বোম্বাই রাজ্যের জবরদস্ত মুখ্যমন্ত্রী বা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব ফজল আলির বিরুদ্ধে গোপন দলিল বেফাঁস করার অভিযোগ আনেন নাই। শ্রীযুত হীরে মন্ত্রগুপ্তির শপথ ভঙ্গ করিয়াছেন। কিন্তু তাহাকেও পদচ্যুত করা হয় নাই। অতএব, ইহাঃ মনে হয় যে শ্রীযুত হীরে যাহা বলিয়াছেন, তাহা সত্য।

প্রশ্ন হইল, যাহা বোম্বাই-রাজ্যের ক্ষেত্রে হইয়াছে, তাহা অন্যান্য রাজ্যের বেলায়ও হইয়াছে কিনা। বোম্বাই রাজ্যের একজন মন্ত্রী যৎ-কিঞ্চিৎ জানিয়া ফেলিয়াছেন। বাকীটুকু যাহাতে প্রকাশ না পায়, হয়তো তাহার জন্য সময়োচিত সাবধানতা অবলম্বিত হইয়াছে। রাজ্য পুনর্গঠন সমস্যার মূলকেন্দ্র হইল বঙ্গভাষাভাষী এবং মহারাষ্ট্র ভাষাভাষী অঞ্চল দুইটি। বঙ্গভাষাভাষীদের দাবী নস্যাৎ করার জন্য প্রভাব বিস্তারের ব্যবস্থা হইয়া থাকিতে পারে।

জন-সাধারণকে আসল রহস্য ভেদ করিতে হইলে তুমুল আন্দোলনের আশ্রয় লইতে হইবে। নানাদিক বিবেচনায় তাহা অবাঞ্ছনীয়। সুতরাং সমস্ত দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের উপর অর্শাইতেছে। কিন্তু তাহারা সর্বনাশা স্থবিরত্ব দেখাইতেছেন। এদিকে বিধান-সভায় বেসরকারী প্রস্তাব উত্থাপন করিয়া এবং কংগ্রেসী অকংগ্রেসী নির্বিশেষে অধিকাংশের ভোটের জোরে তাহা পাশ করাইয়া সরকারকে কর্মতৎপর করার সুযোগ চলিয়া গিয়াছে। বাকী রহিয়াছে একটি মাত্র পথ। বিধানমণ্ডলীর সদস্যরা যদি যুক্ত স্মারক-লিপির সাহায্যে নিজেদের দৃঢ় মনোভাব জ্ঞাপন করেন, তাহা হইলে পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকার উভয়েরই চৈতন্যোদয় ঘটিতে পারে।

## সংক্রামক ব্যাধি আইন

সাধারণের জ্ঞাতার্থে জানান যায় যে কলেরা রোগ নিবারণ ও প্রতিরোধার্থে ১৮৯৭ সালের সংক্রামক ব্যাধি আইনের ২ ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গের গভর্ণর বাহাদুর গত ১৫ই ডিসেম্বর হইতে ৬ মাস কাল সমগ্র মুর্শিদাবাদ জেলাকে সংক্রামক ব্যাধি এলাকা বলিয়া ঘোষণা করিয়াছেন।

## ২৬শে ডিসেম্বর খ্রীষ্টমাসের ছুটী

এই বৎসরে খ্রীষ্টমাস দিবস ( ২৫শে ডিসেম্বর ) রবিবার হওয়াতে ১৮৮১ সালের নিগোসিয়েসন্ ইন্সট্রুমেন্টস্ আইন অনুসারে ১৯৫৫ সালের ২৬শে ডিসেম্বর সোমবার খ্রীষ্টমাস দিবসের জন্য সাধারণ ছুটী বলিয়া ঘোষণা করা হইয়াছে। ( প্রেসনোট )

## পরলোকে কুমার বীরেন্দ্রনাথ

বিগত ২৬শে অগ্রহায়ণ সোমবার রাত্রে নাটোর ছোট তরফের কুমার বীরেন্দ্রনাথ রায় তাঁহার কলিকাতাস্থ ৩৫/১৩ পদ্মপুকুর রোডের বাসভবনে ৫৯ বৎসর বয়সে করোনারী থ্রম্বসিস রোগে পরলোকগমন করিয়াছেন। মৃত্যু সংবাদ পাইয়া বহু আত্মীয় স্বজন, বন্ধুবান্ধব ও বিশিষ্ট ব্যক্তিগণ তাঁহার বাসভবনে আসেন। দেশ বিভাগের পূর্ব্বে তিনি রাজসাহী জেলা-বোর্ডের চেয়ারম্যান ছিলেন। জঙ্গিপুর মহকুমায় রঘুনাথগঞ্জ থানার রাজানগর, রাণীনগর, রঘুনাথপুর তাঁহার জমিদারী ছিল। আমরাও তাঁহার

প্রজা। তাঁহার পূর্ব্বপুরুষের আমল হইতে কখনও কোন প্রজার নিকট বাকী খাজনার সুদ আদায় হইত না। এমন দয়ালু জমিদার আজকালকার কালে খুব বিরল। তাঁহার বৃদ্ধা জননীকে সান্ত্বনা দিবার ভাষা আমাদের নাই। তিনি বৃদ্ধা জননী, স্ত্রী, দুই ভগ্নী, চারি কন্যা, জামাতা অনেকগুলি নাতিনাতনী এবং বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার আত্মার চিরশান্তি কামনা করিয়া স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

**ব্রীজ প্রতিযোগিতা**—রঘুনাথগঞ্জ দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের সম্পাদক মহাশয় জানাইয়াছেন প্রতি বৎসরের ন্যায় এবারও ব্রীজ প্রতিযোগিতা হইবে। যোগদানের তারিখ ২রা জানুয়ারী, ১৯৫৬ এবং প্রবেশ-ফি প্রতি দল দুই টাকা।

---

# সাঁওতাল বিদ্রোহের শতবার্ষিকী

বীরভুম জেলা মহম্মদবাজার থানার এলাকায় হুচুকপাড়া গ্রামে সাঁওতাল সভাপতি টুরকু হাঁসদার নেতৃত্বে গত ২৭শে নভেম্বর এই শতবার্ষিকী অনুষ্ঠিত হইয়াছে। ইংরাজ রাজত্বেই জমির খাজনা বৃদ্ধি লইয়া স্থূলবুদ্ধি সাঁওতাল সর্দ্দার সিদু ও কানুর নেতৃত্বাধীনে এই বিদ্রোহ সংঘটিত হইয়া বীরভূম, দুমকা ও মুর্শিদাবাদের একাংশকে সমূহ বিপন্ন করিয়া তুলিয়াছিল।

জঙ্গিপুরের সিংহ জমিদার বাবুদের কন্যা জানকুমারী দেবী তদানীন্তন মহেশপুরের রাজা গোপাল সিংহের সহধর্ম্মিণী ছিলেন। বিদ্রোহী সাঁওতালদের ভয়ে তাঁহাদের পদব্রজে বা গো-গাড়ীতে জঙ্গিপুর আসিয়া আশ্রয় লইতে হইয়াছিল বলিয়া কথিত আছে। ইংরাজ সৈন্যের বন্দুকের গুলিতে তীর-ধনুকধারী সাঁওতালেরা দমিত হইয়াছিল।

আমরা ৬০।৬৫ বৎসর পূর্ব্বেও সাঁওতালদের মাদল বাজাইয়া মেয়ে পুরুষ একত্রে এই সাঁওতাল বিদ্রোহের গান গাহিতে ও নাচিতে দেখিয়াছি। পার্শ্বে তাহার একখানি ছবি ও গান দিলাম।




ধরবো ঝুঁটি কাটবো টুঁটি
বাঙালী কেটে করবো খান।
এই দেখ, সাজলো ধনুক বাণ।

ধরবো ঝুঁটি কাটবো টুঁটি
শোন্ বাঙালীর ছা—
জান বাঁচাবার সাধ থাকে তো
গঙ্গা পারে যা।

যখন ইংরাজের পল্টন বিদ্রোহ দমন করিল তখনকার গান গাইতে বলিলে এরা অনেক আপত্তি করিয়া গাইত—সে গান অভিমানে ভরা

আর সাঁওতাল আন্‌বে না
শালবনের পাত—
এখন বাঙালী গাড়ায় (গর্ত্তে) খাবি ভাত।

---





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৴৹ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## TENDER NOTICE.

Sealed tenders are invited for (i) construction of a room on the ground floor within the premises of the Saraswati Library Jangipur with minor repairs and (ii) construction of a room with verandah on the first floor of the Jangipur High School at an estimated cost of Rs. 1000/- and Rs. 5000/- respectively. Specifications as to plans and estimates are to be had of in the office of the Library and High School. The tenders are to be submitted by the 28th December 1955 (4 P.M.). Tenders will be opened in presence of such tenderers as will be present.

Mukti Pada Chatterji
Secretary, Jangipur High School,
President, Saraswati Library, Jangipur.

## TENDER NOTICE.

Sealed tenders are invited for repair of the (i) Muhammadpur Road with stone and (ii) Balighata Road with stone materials at an estimated costs of Rs. 10,000/- and Rs. 5,000/- respectively. Particulars as to specifications, plans and estimates are to be had of in the office of the undersigned during office hours The last date of submission of tenders is 28. 12. 55. (4 P.M.) The tenders will be opened on the same date in presence of such tenderers as will be present.

Mukti Pada Chatterji,
Chairman, Jangipur Municipality.

## TENDER NOTICE.

Sealed tenders are invited for submission by 28. 12. 55 for (i) repair of the Mackenzie Park Hall (ii) repair and replacement of doors (iii) fencing with barbed wire and concrete pillars (iv) construction of 10 cement slab benches around the tank (v) resinking of the old tube-well (vi) tank cleaning at an estimated cost of Rs. 4,000/-. Particulars as to specifications, plan and estimate are to be had of in the office of the President or the Secretary Mackenzie Park Committee, or in the Municipal office.

Mukti Pada Chatterji,
Secretary, Mackenzie Park Committee.

( প্রাপ্ত )

## ব্যাণ্ডেল—আজিমগঞ্জ—কাটোয়া রেলপথ

মাত্র একখানি থ্রু ট্রেন এই লাইনে চলাচল করে বলিয়া লোকের ভয়ানক অসুবিধা হইতেছে। ধুলিয়ান—বারহারোয়া লাইনটি গঙ্গানদীর ভাঙ্গনে বন্ধ থাকায় যাত্রীদের গমনাগমনের কষ্ট আরও বাড়িয়াছে। হাওড়া—কাটোয়া এবং হাওড়া—আজিমগঞ্জ পর্য্যন্ত যাতায়াত করিবার জন্য লোক্যাল ট্রেণের ব্যবস্থা আছে। অতএব আজিমগঞ্জ ও ধুলিয়ানের অন্তবর্ত্তী স্থানের লোকেদেরই যাতায়াতের খুব কষ্ট। ট্রেণের সংখ্যা আদৌ না বাড়াইয়া কেবলমাত্র বর্ত্তমান ট্রেণগুলিরই সময়ের কিছুটা রদবদল করিলে সর্ব্বসাধারণ যাত্রীদের এই অসুবিধা অনেকটা দূর হইবে। যেমন :—

(১) হাওড়া—ধুলিয়ান প্যাসেঞ্জার ট্রেণটিকে যদি আজিমগঞ্জ পর্য্যন্ত গ্যালপিং ষ্টপেজ দিয়া চালান হয় এবং উহা যদি কেবলমাত্র ব্যাণ্ডেল, অম্বিকা-কালনা, নবদ্বীপ ধাম, কাটোয়া, খাগড়াঘাট ও আজিমগঞ্জ জংসনে থামিয়া যথারীতি অন্তবর্ত্তী ষ্টেশন সমূহে ধরে।

(২) আজিমগঞ্জ লোক্যাল ট্রেণখানিকে ধুলিয়ান বা নিমতিতা পর্য্যন্ত বাড়াইয়া দেওয়া।

(৩) কিউল প্যাসেঞ্জারখানিকে হাওড়া হইতে বিকেল ৩ ৪৫ মিনিটের বদলে রাত্রি ৯টায় ছাড়িলে।

অবশ্যই ডাউন ট্রেণগুলিরও সময় এই হিসাবে ঠিক করিতে হইবে। আগামী এপ্রিল মাসে নূতন টাইম টেবিল বাহির হইবে, সুতরাং তৎপূর্ব্বেই যাত্রীদের নিজ নিজ অসুবিধার কথা চীফ অপারেটিং সুপারিণ্টেণ্ড ইষ্টার্ণ রেলওয়ে ২, কয়লাঘাট ষ্ট্রীট, কলিকাতা—১ এই ঠিকানায় জানাইয়া দিলে তিনি যথাসময়ে সময়ের সংশোধন ও পরিবর্ত্তন করিতে পারেন। আমি আপনার পত্রিকার মারফৎ তাঁহার ও আমাদের মহকুমা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। নিবেদন ইতি—

শ্রী[illegible]কড়ি মুখোপাধ্যায়, সাং বাড়ালা।

## বিজ্ঞপ্তি

নিম্নলিখিত রুটে যাত্রীবাহী গাড়ী চালাইবার স্থায়ী / অস্থায়ী রুটের অনুমতিপত্রের জন্য অফিসে প্রাপ্তব্য নির্দিষ্ট ফর্মে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষের সচিবের নিকট ১৯৫৬ সালের ১০ই জানুয়ারির মধ্যে দরখাস্ত দাখিল করিতে হইবে। রুটের নাম :—(১) রাধারঘাট—সাঁইথিয়া (স্থায়ী রুট), (২) বহরমপুর—সর্বাঙ্গপুর, রেজিনগর হইয়া (অস্থায়ী রুট), (৩) ধুলিয়ান—নিমতিতা (অস্থায়ী রুট)।


স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ বই, চশমা এবং ডাক্তারী সরঞ্জামাদি কলিকাতার দরে বিক্রয় হয়। আপনার প্রয়োজনীয় ঔষধ অন্যত্র ক্রয় করিবার পূর্ব্বে আমাদের সহিত পরামর্শ করিলে বুঝিতে পারিবেন তুলনায় কত সস্তা। ঔষধের বিশুদ্ধতা রক্ষা করা ও সুলভে ঔষধ সরবরাহ করাই আমাদের বৈশিষ্ট্য। আমাদের কোন ব্রাঞ্চ নাই।

হ্যানিম্যান হল
হোমিও কেমিষ্ট ও পাবলিশর
খাগড়া মুর্শিদাবাদ।

## দূরের মানুষ কাছে হয়
## ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# সরকারী বিজ্ঞপ্তি

যে সব মধ্যস্বত্বাধিকারী জমিদারী দখল আইনের ১২ ধারা অনুসারে অন্তবর্তীকালীন ক্ষতিপূরণের টাকা পাইবার অধিকারী তাঁহাদিগকে ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ নিয়মাবলীর ১০(৩) ধারা অনুসারে মহকুমা শাসক অথবা মহকুমা কম্পেনসেসন অফিসারের নিকট নিম্নলিখিত ফরমে আবেদনপত্র পেশ করিতে অনুরোধ করা যাইতেছে।

স্বাঃ **বি. সেনগুপ্ত**
অতিরিক্ত জেলা শাসক
জমিদারী দখল বিভাগ
২৮।১১।৫৫ মুর্শিদাবাদ।

## আবেদনপত্রের ফরম ৩(ক)

[ ১০(৩) নিয়মাবলী অনুসারে

### জমিদারী দখল আইনের ১২ ধারা অনুসারে অন্তবর্তীকালীন ক্ষতিপূরণের টাকা পাইবার জন্য আবেদনপত্র

*১। জমিদার/মধ্যস্বত্বাধিকারীর নাম ও ঠিকানা—

২। পিতা/স্বামীর নাম—

৩। জমিদারী/মধ্যস্বত্বের বিবরণ—

(ক) জেলা— মহকুমা—

(গ) থানা ও জে, এল, নং সহ গ্রামের নাম—

৪। আবেদনকারীর অন্য কোন জেলায় জমিদারী বা মধ্যস্বত্ব থাকিলে সেই জেলা বা জেলাসমূহের নাম—

৫। আবেদনকারী সহ অংশীদারগণের নাম ও প্রত্যেকের অংশের বিবরণ—

**৬। ৬ ধারা অনুসারে নিজ দখলে রক্ষিত বা খনি প্রভৃতির আয় বাদে সন ১৩৬১ সালের, আবেদনকারীর মোট আয়ের পরিমাণ—

(ক)

(১) খাজনা—

(২) সেস—

(খ) ৬ ধারা বহির্ভূত সায়রাতি স্বত্বসমূহ :—

(১) হাটবাজার— টাকা—

(২) বন— টাকা—

(৩) জলকর (ফিসারী)— টাকা—

(৪) খেয়াঘাট— টাকা—

(৫) টোল— টাকা—

(গ) মালিকানা বা স্বৈর স্বত্বের আয়— টাকা—

৭। বাদ :—

১। সন ১৩৬১ সালে জমিদার মধ্যস্বত্বাধিকারী কর্তৃক উপরিউক্ত স্বত্বসমূহ বাবদ দেয় মোট রাজস্ব, খাজনা বা সেস-এর পরিমাণ :—

(ক) রাজস্ব বা খাজনা—

(খ) সেস—

২। উপরিউক্ত স্বত্বসমূহ বাবদ ১৯৪৪ সালের বঙ্গীয় কৃষি আয়কর আইন বা ১৯২২ সালের ভারতীয় আয়কর আইন অনুযায়ী দেয় টাকার পরিমাণ :—

(ক) কৃষি আয়কর—

(খ ভারতীয় আয়কর—

৩। গত ৫ বৎসরে চুক্তিমূলে বা আইনমূলে জলসেচ বা বাঁধ রক্ষণাবেক্ষণ বাবদ মোট ব্যয়ের পরিমাণ :—

৪। আইনের ১৬(১)খ(৪) ধারা অনুযায়ী আদায় ও পরিচালনা বাবদ ব্যয়ের পরিমাণ— টাকা—

৮। আনুমানিক বার্ষিক নীট আয়ের পরিমাণ (৬ এবং ৭নং কলমের বিয়োগফল)

৯। অন্তবর্তীকালীন ক্ষতিপূরণের মোট দাবীকৃত টাকার পরিমাণ—

আমি এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে আমার সবিশেষ জ্ঞান ও বিশ্বাসমতে উপরিউক্ত বিবরণসমূহ নির্ভুল ও সম্পূর্ণ এবং উপরিউক্ত আয়ের পরিমাণ, বৎসর এবং অন্যান্য তথ্যাদি সত্যভাবে বর্ণিত হইয়াছে।

তাং— আবেদনকারীর স্বাক্ষর

* ১২ ধারার (২) উপধারা অনুসারে অন্তবর্তীকালীন ক্ষতিপূরণের দাবীর আবেদন পত্রের সহিত ক্ষতিপূরণ গ্রহণকারীর অর্পণনামা অথবা ট্রাষ্ট দলিল অথবা অন্যান্য দলিলপত্রের নকল দাখিল করিতে হইবে।

** সন ১৩৬১ সালে জমিদার মধ্যস্বত্বাধিকারীকে তদীয় অধীনস্থ রায়ত বা প্রজা কর্তৃক খাজনা বা সেসের জমাবন্দী (রেণ্ট রোল) বা অন্যান্য কাগজপত্র দাখিল করিতে হইবে।

## ভারত সেবক সমাজ

গত ১৬ই ডিসেম্বর মণিগ্রাম জুনিয়ার হাই স্কুলে ভারত সেবক সমাজ শিক্ষা শিবির আরম্ভ হইয়াছে। জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় উহা উদ্বোধন করেন। নেহালিয়ার শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ মহাশয় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। জেলা কংগ্রেসের যুগ্ম সম্পাদক জঙ্গিপুরের উকিল শ্রীঝড়ুলাল দাস ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ উপস্থিত থাকিয়া শিবিরের সাফল্য কামনা করেন। এই শিবিরের আহ্বায়ক নিযুক্ত হইয়াছেন শ্রীআত্মাপ্রসন্ন গাঙ্গুলী। শ্রীঅরুণ দে, শ্রীঅজিতকুমার ঘোষ, শ্রীসত্যব্রত সিংহ, শ্রীহৃদয়রঞ্জন প্রামাণিক, ডাঃ শ্রীফণিভূষণ বন্দ্যোপাধ্যায় শিবিরের বিভিন্ন কর্মকর্তার পদে ব্রতী আছেন।